# বাংলাদেশ কৃষি ব্যাংক

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

**মানিলন্ডারিং প্রতিরোধ সেল**
ইমেইল:dgmrmd@krishibank.org.bd
ফোন ঃ ০২-৪৭১২০৫১৩
২২৩৩৮৪৪৮৬


প্রকা/আরএমডি/অপা-২/BAMLCO/২০২৩-২৪/ ১৭৭০ তারিখঃ১৭/১১/২০২৩

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক (বিভাগীয় মহাব্যবস্থাপকের মাধ্যমে)
০৪। সকল ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ শাখা পর্যায় হতে BAMLCO মনোনয়ন হালনাগাদকরণ এবং মনোনীত BAMLCO গণের অনুমোদনের জন্য কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) তে প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৮/১০/২০২২ তারিখের পত্র নং-১১৯৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্র মোতাবেক বিগত ৩১/১০/২০২৩ তারিখ পর্যন্ত সময়কালে যে সকল শাখার BAMLCO পরিবর্তন হয়েছে, সে সকল শাখাসমূহ পরিবর্তিত BAMLCO গণের মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক জরুরী ভিত্তিতে ই-মেইলের মাধ্যমে প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়।

০৩। কিন্তু তথ্য পর্যালোচনায় দেখা যায়, অধিকাংশ ক্ষেত্রেই শাখা কর্তৃক "অফিসার" পদমর্যাদার কর্মকর্তাকে BAMLCO হিসেবে মনোনয়ন দেয়া হয়েছে যাদের মধ্যে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাও রয়েছেন। এ প্রেক্ষাপটে, BAMLCO মনোনয়নে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় নিতে হবে-

i) BAMLCO কে "সিনিয়র অফিসার বা তদুর্ধ্ব পদমর্যাদা"র কর্মকর্তা হতে হবে।
ii) এক্ষেত্রে, শাখায় "সিনিয়র অফিসার" পদমর্যাদার কোন কর্মকর্তা না পাওয়া গেলে, সংশ্লিষ্ট "শাখা ব্যবস্থাপক" BAMLCO হিসেবে দায়িত্ব পালন করবেন।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত শর্তাবলী পরিপালনপূর্বক শাখাসমূহকে দ্রুততম সময়ে BAMLCO মনোনয়ন প্রদান করতে হবে। এ বিষয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপকের নেতৃত্বে গঠিত আঞ্চলিক পরিবীক্ষণ কমিটিকে প্রয়োজনীয় তদারকি এবং সংযুক্ত Excel Sheet (ই-মেইল যোগে) মোতাবেক সকল মনোনয়ন ফরম একত্রীকরণপূর্বক হার্ডকপি আগামী ৩০/১১/২৩ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। উল্লেখ্য, এ সংক্রান্ত যে কোন জরুরী প্রয়োজনে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ এর সহকারী মহাব্যবস্থাপক জনাব জান্নাতআরা ফেরদৌস (মোবাইল নং-০১৭২১৩২৯৪৪৬) এবং উর্ধ্বতন কর্মকর্তা জনাব হামিদা সিদ্দীকা (মোবাইল নং-০১৭৭২৭৬৩৬৬২) এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৫. উপমহাব্যবস্থাপক, আইসিটি, সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬. সকল সদস্য, বিকেবি, কেন্দ্রীয় পরিপালন কমিটি।
৭. নথি/মহানথি।